নির্বাচনী সহিংসতায় নিহত ইন্দার কুলখানি অনুষ্ঠিত

ইন্দার কুলখানি অনুষ্ঠিত

চাটমোহর প্রতিনিধি: চাটমোহর উপজেলার বাহাদুরপুর গ্রামে নির্বাচনী সহিংসতায় আইন শৃঙ্খলা বাহিনীর গুলিতে নিহত এমদাদ হোসেন ইন্দার কুলখানি অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার (২৯ এপ্রিল) বাদ জুম’আ বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে নিহত ইন্দার রুহের মাগফেরাত কামনা করে দোয়া করা হয়।

দোয়া মাহফিল ও মোনাজাত পরিচালনা করেন হাফেজ মো: সাইদুল ইসলাম। দোয়া মাহফিলে ২ নাম্বার ওয়ার্ডের নবনির্বাচিত ইউপি সদস্য আবু বক্কার সিদ্দিক, সাংবাদিক শাহীন রহমান, হাফেজ মো: বেলাল হোসাইনসহ গণ্যমান্য ব্যক্তিবর্গ ও এলাকাবাসি উপস্থিত ছিলেন।

উল্লেখ্য গত ২৩ এপ্রিল মথুরাপুর ইউনিয়ন পরিষদ নির্বাচনে বাহাদুরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে কেন্দ্রে ভোট গণনার সময় সন্ধ্যা সাড়ে ছয়টার দিকে মোরগ মার্কা প্রতিকের প্রার্থী আতিকুর রহমান ও তার সমর্থকরা নির্বাচনী কর্মকর্তাদের উপর হামলা চালায়।

এ সময় তাদের প্রতিরোধ ও সরকারি মালামাল রক্ষায় গুলি চালায় আইন শৃঙ্খলা বাহিনী। ঝামেলা দেখতে গিয়ে মানুষের ভীড়ে গুলিবিদ্ধ হয়ে মারা যান নিরীহ এমদাদ হোসেন ইন্দা।